# নাগরিকদের জন্য আইনের জ্ঞান জরুরি: আইজিপি



আইজিপি আলী হোসেন ফকির। ছবি: সংগৃহীত

পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির বলেছেন, দেশের প্রযোজ্য আইন সম্পর্কে সচেতন থাকা প্রতিটি নাগরিকের ব্যক্তিগত কর্তব্য। নিজে আইন শিখুন, প্রয়োজনে পড়াশোনা করুন—কারণ এটি কেবল অধিকার নয়, দায়িত্বও। আইন না জানার অজুহাত গ্রহণযোগ্য নয়।

সোমবার (১৭ মার্চ) সকালে গাবতলী টার্মিনালে পরিদর্শনকালে তিনি এ বক্তব্য রাখেন। আইজিপি আরও বলেন, দৈনন্দিন জীবনে নিরাপদ ও সুষ্ঠুভাবে চলাচলের জন্য প্রয়োজনীয় আইন সম্পর্কে ধারণা থাকা
নাগরিকের অধিকার এবং দায়িত্ব দুটিই।

ঈদযাত্রার সময় যাত্রীদের সমস্যার বিষয়টিও তুলে ধরেন তিনি। প্রতি বছর মানুষ ঘরমুখী হয়ে দীর্ঘ সময় সড়কে আটকে থাকে, অনেকের ঈদ উদযাপনও নির্দিষ্ট সময়ে সম্ভব হয় না। এজন্য এবারের ঈদযাত্রায় টিকিটের মূল্য ঠিক রাখা, যাত্রী হয়রানি রোধ করা, রোড ব্লক এড়ানো এবং যানজট নিয়ন্ত্রণে রাখা নিশ্চিত করতে সরকারের পক্ষ থেকে সমন্বয় সভা করা হয়েছে।

LENS ASIA